

মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী এর জানুয়ারি, ২০২১ খ্রি. হতে মার্চ, ২০২১ খ্রি. পর্যন্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ তোফাজউদ্দীন আহমেদ , উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
স্থান : সম্মেলন কক্ষ, উপপরিচালকের দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী। (জুম এ্যাপস এর মাধ্যমে)
তারিখ : ০৪/০৪/২০২১ খ্রি.
সময় : বেলা ১১.৩০ ঘটিকা।

(সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো)

অদ্য ০৪/০৪/২০২১ খ্রি. তারিখে জনাব মোঃ তোফাজউদ্দীন আহমেদ , উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ আরিফুল ইসলাম, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী ৩য় ত্রৈমাসিক অবহিতকরণ সভায় নিম্নোক্ত এজেন্ডা ভিত্তিক আলোচনা করার জন্য সকলকে অনুরোধ জানান।


আলোচ্য বিষয় সমূহঃ

- ১। নাগরিক সেবা;
- ২। দাপ্তরিক সেবা;
- ৩। অভ্যন্তরীণ সেবা।

[সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

ক্র:নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	নাগরিক সেবাঃ মৎস্য হ্যাচারি, বরফ কল, মৎস্য খাদ্যের উৎপাদন, উপকরণ সংগ্রহ এবং ক্রয়-বিক্রয়ের লাইসেন্স প্রদান সংক্রান্ত যাবতীয় তথ্য নিয়ে আলোচনা হয়।	সকল জেলা ও উপজেলা পর্যায়ে মৎস্য হ্যাচারি, বরফ কল, মৎস্য খাদ্যের উৎপাদন, উপকরণ সংগ্রহ এবং ক্রয়-বিক্রয়ের লাইসেন্স প্রদান সংক্রান্ত যাবতীয় তথ্য প্রদানের মাধ্যমে নাগরিক সেবা নিশ্চিত করতে হবে।	উপপরিচালক / জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র / উপজেলা মৎস্য কর্মকর্তা।
২.	দাপ্তরিক সেবাঃ সরকারী মৎস্যবীজ উৎপাদন খামারের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রনয়ন	এ বিভাগের সকল সরকারী মৎস্যবীজ উৎপাদন খামারের ব্যবস্থাপকের নিকট হতে প্রাপ্ত বাৎসরিক কর্মপরিকল্পনা পর্যালোচনা এবং নির্দিষ্ট ছকে সুপারিশসহ কেন্দ্রীয় কারিগরি কমিটি বরাবর প্রেরণ করবে।	উপপরিচালক/জেলা মৎস্য কর্মকর্তা/ সিনিয়র সহকারী পরিচালক/ সহকারী পরিচালক এবং খামার ব্যবস্থাপক।
৩.	অভ্যন্তরীণ সেবাঃ ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ	সকল জেলা, উপজেলা ওয়েবসাইটের সকল তথ্য নিয়মিত হালনাগাদকরণ। উপপরিচালকের দপ্তর প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।	উপপরিচালক / জেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র / উপজেলা মৎস্য কর্মকর্তা এবং খামার ব্যবস্থাপক।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ তোফাজউদ্দীন আহমেদ
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
রাজশাহী বিভাগ, রাজশাহী।